

যুব উন্নয়ন অধিদপ্তর বেকার যুবদের বিভিন্ন বিষয়ের প্রশিক্ষণ প্রদান করেসহ প্রশিক্ষণগ্রহণ করে যারা নিজ উদ্যোগে আত্মকমসংস্থানমূল প্রকল্পগ্রহণ করেন তাদেরকে ঋণ প্রদান করে থাকেন।

**

০২ মাস ১৫ দিন মেয়াদী গবাদি পশু, হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক প্রশিক্ষণ কোস© (আবাসিক)

(১৮-৩৫) বছর বয়সী নূন্যতম ৮ম শ্রেণী পাশ প্রশিক্ষণে আগ্রহী বেকার যুব/যুব মহিলা নির্দেশিত তারিখ মোতাবেক উপজেলা কায়া©লয়ে আবেদন করবেন। উপজেলা কায়া©লয় আবেদন পত্রগুলি যাচাই বাছাই করে জেলা কায়া©লয়ে প্রেরণ করবেন। অতঃপর জেলা কায়া©লয় কর্তৃক নির্ধারিত তারিখে আবেদনকারীদের পরীক্ষা গ্রহণ করে উপজেলার জন্য নির্ধারিত কোটা মোতাবেক চূড়ান্ত ভাবে প্রার্থী নিবা©চিত করে নিবা©চিতদের যুব প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণে ভর্তির জন্য প্রেরণ করবেন।

ভর্তি ফি ১০০(একশত) টাকা এবং প্রশিক্ষণটি আবাসিক বিধায় প্রত্যেককে মাসিক ১২০০/= টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হয়।

০১ মাস মেয়াদী মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ কোস©(অনাবাসিক)

*** (১৮-৩৫) বছর বয়সী নূন্যতম ৮ম শ্রেণী পাশ প্রশিক্ষণে আগ্রহী বেকার যুব/যুব মহিলা নির্দেশিত তারিখ মোতাবেক উপজেলা কায়া©লয়ে আবেদন করবেন। উপজেলা কায়া©লয় আবেদন পত্রগুলি যাচাই বাছাই করে জেলা কায়া©লয়ে প্রেরণ করবেন। অতঃপর জেলা কায়া©লয় কর্তৃক নির্ধারিত তারিখে আবেদনকারীদের পরীক্ষা গ্রহণ করে উপজেলার জন্য নির্ধারিত কোটা মোতাবেক চূড়ান্ত ভাবে প্রার্থী নিবা©চিত করবেন এবং নিবা©চিত প্রার্থীগণ প্রশিক্ষণের জন্য ভর্তি হবেন।

ভর্তি ফি= ৫০/= টাকা।

০৭-১০ দিন মেয়াদী কৃষি, মৎস্য, পশুপালন, ক্ষুদ্র ও কুটির শিল্প সহ এলাকার চাহিদানুসারে বিভিন্ন ধরনের ৪১টি ট্রেডে ব্রাম্যমান প্রশিক্ষণ কোস©(অনাবাসিক ও অপ্রতিষ্ঠানিক কোস©)

(১৮-৩৫) বছর বয়সী নূন্যতম ৫ম শ্রেণী পাশ প্রশিক্ষণে আগ্রহী যুব/যুব মহিলা উপজেলা কায়ালয় কর্তৃক নির্দেশিত তারিখ মোতাবেক উপজেলা কায়ালয়ে আবেদন করবেন। উপজেলা কায়ালয় আবেদন পত্রগুলি যাচাই বাছাই পূর্বক কমপক্ষে ৩০ জনের একটি তালিকা প্রস্তুত করে অনুমোদনের জন্য জেলা কায়ালয়ে প্রেরণ করবেন। জেলা কায়ালয় হতে অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে উপজেলা কায়ালয় কর্তৃক স্থানীয় চাহিদার ভিত্তিতে উপজেলা কায়ালয় বা কোন শিক্ষা প্রতিষ্ঠান বা সংগঠনের কায়ালয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়।

উক্ত প্রশিক্ষণে কোন কোসওফি নাই।

যোগাযোগ:

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
কিশোরগঞ্জ সদর